



ISO 9001:2015 Certified



সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি  
প্রধান কার্যালয়ঃ পাটকেলঘাটা, সাতক্ষীরা



দুরাপাণনী  
জেনারেল ম্যানেজার : ০১৭৬২-৪০০০৭২  
অফিস/অভিযোগকেন্দ্র: ০১৭৬২-৪০১৮১০  
Web site : pbs.satkhira.gov.bd  
E-mail : satkhirapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৮৭৯০.৫১৫.০৯.০১১.২২. ৪৭৫২

তারিখঃ ১৫/১১/১৪২৮ বঙ্গাব্দ  
২৮/০২/২০২২ খ্রিস্টাব্দ

### কারিগরী সমন্বয় সভার কার্যবিবরণী

সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতির ২০২১-২০২২ অর্থ বৎসরে সিস্টেম লস হ্রাসকরণের লক্ষ্যে স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নের নিমিত্তে নিম্নবর্ণিত কর্মকর্তা এবং তত্ত্বাবধায়কগণকে নিয়ে সদর দপ্তরে একটি Virtual Meeting অনুষ্ঠিত হয়;

সভাপতি : জনাব জিয়াউর রহমান, জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পবিস।  
স্থান : বোর্ড রুম, সাতক্ষীরা পবিস, সদর দপ্তর  
তারিখ : ২২ ফেব্রুয়ারী/২০২২ খ্রিষ্টাব্দ, মঙ্গলবার, বিকাল ০৪:০০ ঘটিকা।  
উপস্থিতি : Zoom App এ সংযুক্তির মাধ্যমে সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম), এজিএম (প্রশাসন/ইএন্ডসি/সদস্য সেবা/অর্থ-রাজস্ব/হিসাব), সকল জুনিয়র ইঞ্জিনিয়ার/সহঃ জুনিঃ ইঞ্জিঃ (ওএন্ডএম/ইএন্ডসি/ইআরইউ/ইআরসি), সাতক্ষীরা পবিস।

সভার প্রারম্ভে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সকল ভাষা শহীদ ও ভাষা সৈনিকদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। অদ্যকার সভায় সরাসরি উপস্থিত এবং Virtual মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভা আরম্ভ করা হয়। সভাপতি প্রথমেই জানান ২০২১-২০২২ অর্থ বৎসরে বাপবিবোর্ড কর্তৃক অত্র পবিসের সিস্টেম লসের লক্ষ্যমাত্রা নির্ধারণ ছিল- ১৩.০০% এবং অর্জন হয়েছে ১৪.৩০%। চলতি ২০২১-২০২২ অর্থ বৎসরে বাপবিবোর্ড কর্তৃক অত্র পবিসের সিস্টেম লসের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে ১৩.০০%। তবে সকলের সম্মিলিত প্রচেষ্টা, আন্তরিকতা, পরিকল্পিত ও যুগোপযোগী কাজের মাধ্যমে চলতি ২০২১-২০২২ অর্থ বৎসরে অত্র সমিতির সিস্টেম লস ২.৩০% হ্রাস করে ১০.৭০% অর্জন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সিস্টেম লস হ্রাসকরণের লক্ষ্যে অত্র পবিস কর্তৃক নিম্নবর্ণিত স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

### ১। স্বল্প মেয়াদী পরিকল্পনাঃ

ক্রম	বিষয়বস্তু	গৃহীত সিদ্ধান্ত	সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা	বাস্তবায়নকারী
০১	১১ কেভি ফিডারের ফেজ ব্যালেন্স সংক্রান্ত	অত্র সমিতিতে বর্তমানে মোট ৭২ টি ১১ কেভি ফিডার চালু আছে। প্রত্যেকটি ফিডারের পিক অফ-পিক লোড পরিমাপ করা হয়েছে। এছাড়াও প্রতিটি ফিডারের পাওয়ার ফ্যাক্টর এবং ফেজ ব্যালেন্স স্টাডি করা হয়েছে। ফিডার সমূহের পাওয়ার ফ্যাক্টর নির্ধারিত মানে রাখলে এবং ফেজ অ্যাম্পিয়ার ব্যালেন্স অবস্থায় থাকলে সিস্টেম লস ০.৩% কমানো সম্ভব। ইতোমধ্যে ফেজ ব্যালেন্সের উপর কাজ করা হচ্ছে এবং এখারা অব্যাহত রেখে ২০২১-২০২২ অর্থ বৎসরে অত্র সমিতির সিস্টেম লস ০.৪% কমানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সহঃ জুনিঃ ইঞ্জিঃ (ইএন্ডসি) জনাব পল্লব দাস কর্তৃক প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকার মধ্যে ফেজ ব্যালেন্সের তথ্য সদর দপ্তর সহ জোনাল অফিস হতে গ্রহন করবেন। সংগৃহীত ফেজ ব্যালেন্স রিপোর্ট এজিএম (ওএন্ডএম) সদর দপ্তর ডিজিএম (কারিগরী) এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে। রিপোর্ট অনুযায়ী কোন ফিডার আন-ব্যালেন্স অবস্থায় থাকলে পরবর্তী কার্যদিবসে তা প্রোগ্রাম দিয়ে ফেজ ব্যালেন্স কাজক্রম পর্যায়ে রাখতে হবে। এ বিষয়ে এজিএম (ওএন্ডএম) সদর দপ্তর জোনাল ও সাব জোনাল অফিসের এজিএম (ওএন্ডএম)গণের সহিত সমন্বয় করবেন।	১১ কেভি ফিডারের ফেজ ব্যালেন্স কাজের মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.৩%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম), সকল জুনিঃ ইঞ্জিনিয়ার

ক্রম	বিষয়বস্তু	গৃহীত সিদ্ধান্ত	সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা	বাস্তবায়নকারী
০২	রাইট অব-ওয়ে সংক্রান্ত	<p>অত্র সমিতিতে বর্তমানে ০৯টি ব্রেকারের মাধ্যমে ১২টি ৩৩ কেভি ফিডার এবং ৭২ টি ১১ কেভি ফিডার চালু আছে। সিস্টেম লস হ্রাস করার স্বার্থে স্বল্পমেয়াদী পরিকল্পনার আওতায় সকল ৩৩ কেভি ও ১১ কেভি ফিডারের ১০০% রাইট-অব-ওয়ে সম্পন্ন করতে হবে। প্রতি বছর যে পদ্ধতিতে রাইট-অব-ওয়ে করা হয় চলমান অর্থ বছরে ভিন্ন আঙ্গিকে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে রাইট-অব-ওয়ে বাস্তবায়নের পরিকল্পনা গ্রহন করা হয়েছে। লাইন পরিদর্শনের জন্য এলাকা ভিত্তিক দায়িত্ব বন্টন করা হয়েছে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ফিডারের সম্পূর্ণ এইচটি/এলটি লাইন পরিদর্শন করে দপ্তরাদেশে বর্ণিত ছক মোতাবেক সামারী রিপোর্ট উপস্থাপন করতে হবে এবং নিম্নবর্ণিত তথ্যসমূহ ৫৬৯ ফরমে লিপিবদ্ধ করবেন।</p> <p>ক) রাইট-অব-ওয়ে জোন, রাইট-অব-ওয়ে এর পরিমান এবং কার্যসম্পাদনে প্রয়োজনীয় লেবার সংখ্যা।</p> <p>খ) পোল নাম্বার ও লোকেশনসহ লাইনের জাম্পারের সংখ্যা।</p> <p>গ) পোল নাম্বার ও লোকেশনসহ ন্যাকোট ফিউজ এর সংখ্যা। ঘ) পোল নাম্বার ও লোকেশনসহ নষ্ট লাইটনিং এরেস্টার ও ফিউজ কাট-আউট এর সংখ্যা।</p> <p>ঙ) পোল নাম্বার ও লোকেশনসহ বিতরন ট্রান্সফরমারের জরাজীর্ণ গ্রাউন্ডিং ও ওয়্যারিং এর সংখ্যা।</p> <p>চ) পোল নাম্বার ও লোকেশনসহ আন্ডার সাইজ তারের তথ্যাদি ও লাইনের অন্যান্য কারিগরী সমস্যা।</p> <p>এপ্রিল/২০২২ মাসের প্রথম সপ্তাহ হতে পবিত্র রমজান মাস শুরু হবে বিধায় আগামী ১০ মার্চ/২০২২ হতে ৩০ মার্চ/২০২২ খ্রিঃ এর মধ্যে ২য় সাইকেল রাইট-অব-ওয়ে ১০০% সম্পন্ন করতে হবে। রাইট-অব-ওয়ে কাজের সময় লেবারদের কাজ তদারকি করনের জন্য সমিতির কারিগরী/ অ-কারিগরী জনবলকে পরিকল্পনামাফিক নিয়োজিত করতে হবে। রাইট-অব-ওয়ে ক্রাশ প্রোগ্রামের আওতায় উক্ত লাইনে যে সমস্ত ত্রুটি রয়েছে তা রাইট-অব-ওয়ে কাজের সাথে সমাধা করতে হবে। বিশেষ করে জাম্পারিং করন, পোল সোজা করণ, টানা তার ও লগ স্থাপন, ন্যাকোট ফিউজ পরিবর্তন, লাইটনিং এরেস্টার ও ফিউজ কাট-আউট লাগানো, কানেস্টার চাপা এবং এনালগ মিটার পরিবর্তন করে ডিজিটাল মিটার স্থাপন। রাইট-অব-ওয়ে কাজে নিয়োজিত লেবারদের বিল দৈনিক ভিত্তিতে প্রত্যেকের ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদান করতে হবে। বাপবিবোর্ডের নির্দেশনা অনুযায়ী এইচটি লাইনের উভয়পার্শে ১০ ফুট করে, এলটি লাইনের উভয়পার্শে ৫ ফুট করে এবং কাভার্ড লাইনের উভয়পার্শে ২.৫ ফুট করে রাইট-অব-ওয়ে করনের নির্দেশনা আছে। ভৌগলিকভাবে অত্র পবিস নিম্নাঞ্চল/কোস্টাল এরিয়া এবং বনাঞ্চল বেষ্টিত হওয়াই সিস্টেম লস নিয়ন্ত্রণ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে এইচটি লাইনের উভয়পার্শে ১২ ফুট করে, এলটি লাইনের উভয়পার্শে ৮ ফুট করে এবং কাভার্ড লাইনের উভয়পার্শে ৪ করে রাইট-অব-ওয়ে করা হবে। সঠিকভাবে পরিকল্পনা মাফিক রাইট-অব ওয়ে সম্পন্ন করা হলে সিস্টেম লস আশানুরূপ হ্রাস পাবে। ২০২১-২০২২ অর্থ বৎসরে সঠিকভাবে রাইট-অব-ওয়ে সম্পন্ন করে ০.৫% সিস্টেম লস কমানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিসের রাইট-অব-ওয়ে কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত পূর্বক একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে। রাইট-অব-ওয়ে সমাপ্ত প্রতিবেদন দাখিলের পর ডিজিটেলস টিম কর্তৃক কোন ত্রুটি পাওয়া গেলে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে।</p>	<p>যথাযথভাবে রাইট-অব-ওয়ে সম্পাদনের মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.৫%</p>	<p>সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম)</p>

ক্রম	বিষয়বস্তু	গৃহীত সিদ্ধান্ত	সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা	বাস্তবায়নকারী																
০৩	টুইস্টিং অপসারণ সংক্রান্ত	অত্র সমিতির ১২ টি ৩৩ কেভি ও ৭২ টি ১১ কেভি ফিডারের অনেক জাম্পারে পিজি ক্রাম্প/কানেস্টরের পরিবর্তে টুইস্টিং করা আছে। টুইস্টিং এর কারণে প্রচুর পরিমাণে লাইন লস হয়। লাইন লস হ্রাস করার লক্ষ্যে স্বল্পমেয়াদী পরিকল্পনার আওতায় অত্র সমিতির সকল ৩৩ কেভি ও ১১ কেভি লাইনের টুইস্টিং অপসারণ করতে হবে। লাইন পরিদর্শনের সময় পরিদর্শনকারী কর্তৃক ইতোপূর্বে জারীকৃত দপ্তরদেশে সংযুক্ত ছক মোতাবেক ৩৩ কেভি ও ১১ কেভি লাইনে জাম্পারের সংখ্যা ও লোকেশনসহ তথ্য সংগ্রহ করবেন। রাইট-অব-ওয়ের সহিত সমন্বয় করে একই সাট-ডাউনে ৩৩ কেভি লাইনের জাম্পারে পিজি ক্রাম্প ও ১১ কেভি লাইনের জাম্পারে কানেস্টর স্থাপন করতে হবে। চলমান ২০২১-২০২২ অর্থ বৎসরে টুইস্টিং অপসারণের মাধ্যমে সিস্টেম লস ০.২% কমানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিসের টুইস্টিং অপসারণের পরিকল্পনা আগামী ০৫/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ডিজিএম (সদর-দপ্তর কারিগরী) এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে।	টুইস্টিং অপসারণ করে পিজি ক্রাম্প/কানেস্টর স্থাপনের মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.২%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম)																
০৪	লাইটনিং এরেষ্টার ও কাট-আউট পরিবর্তন সংক্রান্ত	অত্র সমিতির আওতাধীন ০৭ টি উপজেলা ইতোমধ্যে শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। ভৌগলিকভাবে অত্র এলাকাটি সুমদ্র উপকূলবর্তী নিম্নাঞ্চল ও ম্যানগ্রোভ বনাঞ্চল হওয়ায় অত্র সমিতির গ্রাহকদের নিরবচ্ছিন্ন ও মান-সম্মত বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে অত্র পবিসের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। সিস্টেম লস হ্রাস এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে স্বল্প মেয়াদী পরিকল্পনার আওতায় সকল ন্যাকোট ফিউজ প্রত্যাহার এবং বিনষ্ট ফিউজ কাট-আউট ও লাইটনিং এরেষ্টার পরিবর্তন করতে হবে। লাইন পরিদর্শনের সময় ৫-৬৯ ফরমে বর্ণিত তথ্যাদি সংগ্রহ করতে হবে এবং প্রয়োজনীয় মালামালের চাহিদা নির্ণয় করতে হবে। কাজের পরিকল্পনা প্রণয়ন করতে হবে। রাইট-অব-ওয়ে কাজের সহিত একই সাট-ডাউনে বর্ণিত কার্যাদি সম্পাদন করতে হবে। সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিসের ন্যাকোট ফিউজ প্রত্যাহার, বিনষ্ট ফিউজ কাট-আউট ও লাইটনিং এরেষ্টার পরিবর্তনের পরিকল্পনা প্রস্তুত পূর্বক আগামী ১৫/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ডিজিএম (সদর-দপ্তর কারিগরী) এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে।	নষ্ট লাইটনিং এরেষ্টার ও কাট-আউট পরিবর্তন এর মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.১%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম)																
০৫	এইচটি/এলটি মিটার পরীক্ষা সংক্রান্ত	অত্র সমিতিতে বর্তমানে ১২৮টি এইচটি/এলটি মিটারিং রয়েছে। তন্মধ্যে সদর দপ্তরে ৩৫টি, বাউডাঙ্গা জোনাল অফিসে ১৯ টি, কলারোয়া জোনাল অফিসে ০৯টি, কালিগঞ্জ জোনাল অফিসে ১১ টি, আশাশুনি জোনাল অফিসে ১২ টি রয়েছে, শ্যামনগর জোনাল অফিসে ২০টি, দেবহাটা সাব-জোনাল অফিসে ১০টি, তালা সাব-জোনাল অফিসে ০৫টি, বুধহাটা সাব-জোনাল অফিসে ০৬টি, যুগিখালী সাব-জোনাল অফিসে ০১টি, এইচটি/এলটি মিটারিং রয়েছে। মিটারিং ভুল, গ্রাহক কর্তৃক টেম্পারিং অথবা অন্য কোন কারণে সিটি/পিটি অথবা মিটারের সামান্যতম ত্রুটির কারণে ব্যাপকহারে ইউনিট লস হয়। যার ফলে সিস্টেম লস বৃদ্ধি পায় এবং সমিতি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। সিস্টেম লস হ্রাস করণ ও আর্থিক ক্ষতি কমানোর লক্ষ্যে প্রতি ০৩ মাস পর পর সকল এইচটি/এলটি মিটার পরীক্ষা করতে হবে। মিটার পরীক্ষার পূর্বে পরীক্ষন টিম কর্তৃক বর্ণিত ছকে এইচটি/এলটি গ্রাহকের তথ্যাদি সংগ্রহ করতে হবে।	এইচটি/এলটি মিটার পরীক্ষার মাধ্যমে ত্রুটি নিরসন কাজের মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.১%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম)/ (অর্থ-রাজস্ব)																
		<table border="1"> <thead> <tr> <th>ক্রম</th> <th>গ্রাহকের নাম</th> <th>হিসাব নং</th> <th>চুক্তিবদ্ধ লোড (KW)</th> <th>পিক ডিম্যান্ড (KW)</th> <th>মাস্কিপ্লায়িং ফ্যাক্টর (MF)</th> <th>বিগত ১২ মাসের ব্যবহৃত ইউনিট</th> <th>মন্তব্য</th> </tr> </thead> <tbody> <tr> <td> </td> <td> </td> <td> </td> <td> </td> <td> </td> <td> </td> <td> </td> <td> </td> </tr> </tbody> </table>	ক্রম	গ্রাহকের নাম	হিসাব নং	চুক্তিবদ্ধ লোড (KW)	পিক ডিম্যান্ড (KW)	মাস্কিপ্লায়িং ফ্যাক্টর (MF)	বিগত ১২ মাসের ব্যবহৃত ইউনিট	মন্তব্য										
ক্রম	গ্রাহকের নাম	হিসাব নং	চুক্তিবদ্ধ লোড (KW)	পিক ডিম্যান্ড (KW)	মাস্কিপ্লায়িং ফ্যাক্টর (MF)	বিগত ১২ মাসের ব্যবহৃত ইউনিট	মন্তব্য													
		ইতোমধ্যে সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিসের এইচটি/এলটি মিটার পরীক্ষার পরিকল্পনা করা হয়েছে। পরিকল্পনা মাসিক মিটারিং সমূহ পরীক্ষা করে ডিজিএম (সদর-দপ্তর কারিগরী) এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে।																		

৯২০৮

ক্রম	বিষয়বস্তু	গৃহীত সিদ্ধান্ত	সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা	বাস্তবায়নকারী
০৬	২০০ ইউনিটের উর্কে ব্যবহৃত গ্রাহকের মিটার পরিবর্তন সংক্রান্ত	অত্র সমিতিতে বর্তমানে বিভিন্ন শ্রেণীর মোট ৫,৭৮,৯৬০ জন গ্রাহক আছে। প্রতি মাসে গড়ে ২০০ ইউনিট এবং তদুর্ধ্ব ব্যবহারকৃত গ্রাহক (শিল্প ব্যক্তি) যাদের এনালগ মিটার স্থাপন করা আছে, সে সকল গ্রাহকের অফিস ওয়ারী তথ্য সংগ্রহ করে স্বল্প মেয়াদী পরিকল্পনার আওতায় ডিজিটাল মিটার দ্বারা পরিবর্তন করতে হবে। সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিসের ২০০ ইউনিটের উর্ক ব্যবহারকারী গ্রাহকের (শিল্প ব্যক্তি) এনালগ মিটার ডিজিটাল মিটার দ্বারা পরিবর্তন করে প্রতিবেদন ডিজিএম (সদর-দপ্তর কারিগরী) এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে	২০০ ইউনিটের উর্কে ব্যবহৃত গ্রাহকের এনালগ মিটার ডিজিটাল মিটার দ্বারা পরিবর্তনের মাধ্যমে সিস্টেম লস হ্রাসে লক্ষ্যমাত্রা ০.১%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম)/ (অর্থ-রাজস্ব)
০৭	ডে/নাইট অপারেশন সংক্রান্ত	সাম্প্রতিক সময়ে বিভিন্ন পবিসের আওতায় কতিপয় দুষ্টি চক্র কর্তৃক মিটার টেম্পারিং/সার্ভিস ড্রপ ছিদ্র ও সরাসরি হকিং এর মাধ্যমে বিদ্যুৎ ব্যবহার করছে, যা সিস্টেম লস বৃদ্ধির একটি অন্যতম কারণ। গ্রাহক কর্তৃক মিটার/সার্ভিস ড্রপ টেম্পারিং এবং হকিং এর মাধ্যমে অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার রোধকল্পে নিয়মিত ডে/নাইট অপারেশন পরিচালনা করা জরুরী। অবৈধ বিদ্যুৎ ব্যবহার রোধকল্পে অত্র সমিতির আওতাধীন সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিস কর্তৃক প্রতিদিন ডে/নাইট অপারেশন পরিচালনা করতে হবে। মিটার টেম্পারিং এবং হকিংসহ অন্যান্য অবৈধ পন্থায় বিদ্যুৎ চুরি রোধ করা হলে সিস্টেম লস হ্রাস পাবে এবং সমিতি আর্থিকভাবে লাভবান হবে। ডে-নাইট অপারেশন পরিচালনার জন্য সদর দপ্তরসহ প্রত্যেক অফিসে টীম গঠন করতে হবে। গঠিত টীম অপারেশনে যাওয়ার পূর্বে স্থানীয় পুলিশ প্রশাসনকে অবহিত করবেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রশাসনের সহায়তা গ্রহণ করবেন। ডে/নাইট অপারেশন টীম কর্তৃক প্রতিটি অপারেশনের তথ্য রেজিস্টারে লিপিবদ্ধ করবেন এবং পরের দিন প্রতিবেদন আকারে ডিজিএম (সদর দপ্তর-কারিগরী) এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করবেন	ডে/নাইট অপারেশনের আওতায় অবৈধ বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধের মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.২%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম)

## ২। মধ্যমেয়াদী পরিকল্পনাঃ

ক্রম	বিষয়বস্তু	গৃহীত সিদ্ধান্ত	সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা	বাস্তবায়নকারী
০১	আন্ডার লোডেড/ ওভার-লোডেড ট্রান্সফরমার পরিবর্তন সংক্রান্ত	অত্র সমিতিতে বর্তমানে ২০২৯৭ টি বিভিন্ন সাইজের বিতরন ট্রান্সফরমার আছে। বর্তমানে অত্র সমিতিতে কোন ওভারলোডেড ট্রান্সফরমার নেই। তবে প্রতিনিয়ত কিছু কিছু ট্রান্সফরমার ওভারলোডেড হয়ে যাচ্ছে। যাহা সমিতির নিজস্ব জনবল দ্বারা তাৎক্ষনিক পরিবর্তন করতে হবে। তাছাড়াও কিছু কিছু স্পটে আন্ডার লোডেড ট্রান্সফরমার থাকার সম্ভাবনা আছে। বিতরন ট্রান্সফরমার ওভারলোডেড থাকলে অথবা আন্ডার লোডেড থাকলে দুই অবস্থাতেই লস সংঘটিত হয়। মধ্যমেয়াদী পরিকল্পনার আওতায় বিতরণ লাইনের সকল ওভারলোডেড/আন্ডার লোডেড ট্রান্সফরমার পরিবর্তন করতে হবে।	আন্ডার লোডেড/ ওভার-লোডেড ট্রান্সফরমার পরিবর্তনের মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.১%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম)/ (অর্থরাজস্ব)
০২	৩ ফেজ মিটার পরীক্ষা সংক্রান্ত	৩ ফেজ মিটার টেম্পারিং অথবা নট-রানিং অবস্থায় থাকলে সমিতি ব্যাপকভাবে সিস্টেম লস এবং আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। সিস্টেম লস হ্রাস করার লক্ষ্যে মধ্যমেয়াদী পরিকল্পনার আওতায় অত্র সমিতির সকল ৩ ফেজ মিটার যথাযথভাবে পরীক্ষা করতে হবে। অফিস ওয়ারী সকল ৩ ফেজ মিটার পরীক্ষা প্রতিবেদন ডিজিএম (সদর-দপ্তর কারিগরী) এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে এবং পরিকল্পনা মাফিক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	৩ ফেজ মিটার পরীক্ষা পূর্বক ত্রুটি নিরসনের মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.১%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম)/ (অর্থ-রাজস্ব)

৩। দীর্ঘমেয়াদী পরিকল্পনাঃ

ক্রম	বিষয়বস্তু	গৃহীত সিদ্ধান্ত	সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা	বাস্তবায়নকারী
০১	বিতরণ ট্রান্সফরমারের গ্রাউন্ডিং ও ওয়্যারিং করণ সংক্রান্ত	বিতরণ ট্রান্সফরমার পোড়ার হার কমানো এবং সিস্টেম লস হ্রাস করার লক্ষে দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় লাইনে স্থাপিত সকল বিতরণ ট্রান্সফর্মার বাপবিবোর্ডের নির্দেশনা মোতাবেক সঠিকভাবে গ্রাউন্ডিং ও ওয়্যারিং করতে হবে। সকল ৩ ফেজ ট্রান্সফরমারের ক্ষেত্রে ১২০ ফুট বোরিং করে কপার তার দ্বারা গ্রাউন্ডিং করতে হবে। তাছাড়াও লাইনে স্থাপিত সকল ১ ফেজ ট্রান্সফরমারের ক্ষেত্রে বাপবিবোর্ডের গ্রাউন্ডিং সংক্রান্ত সর্বশেষ নীতিমালা অনুসরণ করতে হবে। লাইন পরিদর্শনের সময় দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক ৫৬৯ ফরমে বর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করবেন। সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিসের বিতরণ ট্রান্সফরমারের পুনঃ ওয়্যারিং ও গ্রাউন্ডিং করণ কাজ কর্মপরিকল্পনা মাফিক সম্পন্ন করে ডিজিএম (সদর দপ্তর- কারিগরী) এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে।	বিতরণ ট্রান্সফরমারের জরাজীর্ণ গ্রাউন্ডিং ও ওয়্যারিং পরিবর্তনের মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.০৫%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম)
০২	আন্ডার সাইজ তার পরিবর্তন সংক্রান্ত	সিস্টেম লস হ্রাস করণ, মানসম্মত ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য বিতরণ লাইনের সকল আন্ডারসাইজ তার পরিবর্তন করা অপরিহার্য। দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় অত্র সমিতির বিতরণ লাইনের সকল আন্ডার সাইজ তার পরিবর্তন করতে হবে। লাইন পরিদর্শনের সময় পরিদর্শনকারী কর্তৃক ৫৬৯ ফরমে তারের পরিমান ও লোকেশন পোল নাম্বারসহ সংগ্রহ করবেন। রাইট অব-ওয়ে কাজের সহিত সমন্বয় করে একই সাট-ডাউনে সমিতির নিজস্ব জনবল/মিনি ঠিকাদার দ্বারা বর্ণিত কার্যাদি সম্পাদন করতে হবে। চলমান অর্থ বৎসরে আন্ডার সাইজ তার পরিবর্তনের মাধ্যমে ০.০৫% সিস্টেম লস কমানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিসের আন্ডার সাইজ তার পরিবর্তন কাজ সম্পাদন পূর্বক অগ্রগতি রিপোর্ট ডিজিএম (সদর-দপ্তর কারিগরী) এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে।	আন্ডার সাইজ তার পরিবর্তনের মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.০৫%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি)
০৩	সিঙ্গেল ফেজ মিটার পরীক্ষা সংক্রান্ত	অত্র সমিতির মোট গ্রাহক সংখ্যা ৫,৭৮,৯৬০ জন। তন্মধ্যে আবাসিক গ্রাহকের সংখ্যা ৫,২১,৮৫১ জন। নট রানিং, টেম্পরিংকৃত অথবা বিনষ্ট মিটারের কারণে প্রচুর সিস্টেম লস সংঘটিত হয় এবং সমিতি আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। সিস্টেম লস হ্রাস করার স্বার্থে দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় সমিতির আবাসিক/বানিজ্যিক সহ অন্যান্য সকল শ্রেণীর একফেজ মিটার পরীক্ষা করতে হবে। অত্র সমিতিতে বর্তমানে ২৭১ জন মিটার রিডার কাম ম্যাসেঞ্জার আছে। প্রত্যেক মিটার রিডার কাম ম্যাসেঞ্জার কর্তৃক প্রতি মাসে ২০০ টি সিঙ্গেল ফেজ মিটার সরেজমিনে পরিদর্শন করে রিপোর্ট প্রদান করতে হবে। সিঙ্গেল ফেজ মিটার চেকিং ফর্ম যথাযথভাবে পূরণ করার জন্য মিটার রিডার কাম ম্যাসেঞ্জারদের ইতোমধ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। প্রশিক্ষণের মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধি করে ১০০% মিটার চেকিং করতে হবে। চলমান অর্থ বৎসরে সিঙ্গেল ফেজ মিটার পরীক্ষনে প্রাপ্ত ত্রুটি নিরসনের মাধ্যমে ০.৩% সিস্টেম লস কমানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিসের সিঙ্গেল ফেজ মিটার এনালগ মিটার দ্বারা পরিবর্তন পূর্বক মাসিক অগ্রগতির রিপোর্ট প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে ডিজিএম (সদর-দপ্তর কারিগরী) এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে।	সিঙ্গেল ফেজ মিটার পরীক্ষার মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.৩%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম)/ (অর্থ-রাজস্ব)

ক্রম	বিষয়বস্তু	গৃহীত সিদ্ধান্ত	সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা	বাস্তবায়নকারী
০৪	এনালগ মিটার পরিবর্তন সংক্রান্ত	অত্র সমিতিতে বর্তমানে মোট ১২৫২৯৩ টি এনালগ মিটার চালু আছে। মেকানিক্যাল সমস্যার কারণে এনালগ (ইলেকট্রো-ম্যাকানিক্যাল) মিটারে প্রায়ই সমস্যা দেখা দেয়। তাছাড়াও গ্রাহক কর্তৃক সহজেই টেম্পারিং এর সুযোগ থাকে। সমিতির সকল এনালগ মিটার দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় পরিবর্তন করতে হবে। চলমান অর্থ বৎসরে প্রতি মাসে ১০,০০০ হিসাবে আগামী ০১ বৎসর এর মধ্যে $(১০,০০০ \times ১২) = ১,২০,০০০$ টি এনালগ মিটার ডিজিটাল মিটার দ্বারা পরিবর্তন করতে হবে। চলমান ২০২১-২০২২ অর্থ-বৎসরে এনালগ মিটার ডিজিটাল মিটার দ্বারা পরিবর্তনের মাধ্যমে সিস্টেম লস ০.১% কমানোর লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়। সদর দপ্তরসহ সকল জোনাল/সাব-জোনাল অফিসের এনালগ মিটার দ্বারা পরিবর্তন পূর্বক মাসিক অগ্রগতির রিপোর্ট প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে ডিজিএম (সদর-দপ্তর কারিগরী) এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে।	এনালগ মিটার মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.১%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম/ অর্থ-রাজস্ব)
০৫	এলটি টু এইচটি কনভার্সন সংক্রান্ত	বাপবিবোর্ডের নির্দেশনা অনুযায়ী সিস্টেম রিলেয়াবিলিটির স্বার্থে এইচটি ও এলটি লাইনের অনুপাত ৭০:৩০ রাখা প্রয়োজন। এইচটি ও এলটি লাইনের অনুপাত সঠিক রাখার লক্ষ্যে দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় দীর্ঘ এলটি লাইনকে এইচটি লাইনে রূপান্তর করতে হবে। সদর দপ্তর সহ সকল জোনাল/সাব-জোনাল অফিসের এলটি টু এইচটি কনভার্সনের কাজ পরিকল্পনা মাসিক সম্পন্ন করতঃ প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে ডিজিএম (সদর-দপ্তর কারিগরী) এর মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারীর নিকট উপস্থাপন করতে হবে।	এলটি টু এইচটি কনভার্সনের মাধ্যমে সিস্টেম লস হ্রাসের লক্ষ্যমাত্রা ০.১%	সকল ডিজিএম, সকল এজিএম (ওএন্ডএম/ ইএন্ডসি)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জিয়াউর রহমান)  
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর জোন, বাপবিবো, যশোর। : সদয় অবগতির জন্য।
- ০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৪। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
- ০৫। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, সাতক্ষীরা।
- ০৬। ডিজিএম, (কাউন্সিল/কালিগঞ্জ/আশাশুনি/কলারোয়া/শ্যামনগর) জোনাল অফিস, সাতক্ষীরা পবিস।
- ০৭। এজিএম প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ইএন্ডসি/ওএন্ডএম, সাতক্ষীরা পবিস।
- ০৮। অফিস কপি/মাষ্টার কপি।



(জিয়াউর রহমান)  
জেনারেল ম্যানেজার

১৫/৬